

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামুদ্রিক মৎস্য দপ্তর  
সরকারী কার্যভবন নং-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম  
[www.marine.fisheries.gov.bd](http://www.marine.fisheries.gov.bd)

পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৮.০৫৭.১৪. ৫৩

তারিখ: ১৫/০১/২০২৪খ্রি.

বিষয় : এফ.ভি. কোহিনুর-০২ (এফ-৭৭২৭) মৎস্য ট্রলারের ফিশিং লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

- সূত্র : ১। নৌ বাণিজ্য দপ্তর আগ্রাবাদ, চট্টগ্রামের পত্র নং ৪০২.০১০.০০২.০০.০০.০৬১.২০১১/১৯৬০, তারিখ: ১৮/০৫/২০২৩খ্রি।  
২। নৌ বাণিজ্য দপ্তর আগ্রাবাদ, চট্টগ্রামের পত্র নং ৪০২.০১০.০০২.০০.০০.০৬১.২০১১/৩২৩১, তারিখ ০৭/০৯/২০২৩খ্রি।  
৩। সামুদ্রিক মৎস্য দপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৮.০৫৭.১৪.৮৫৭ তারিখ: ২০/০৯/২০২৩খ্রি।  
৪। জনাব মো: জানে আলম, প্রোপ্রাইটর কোহিনুর ট্রেডার্স, ২৯ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রাম কর্তৃক স্বাক্ষরিত ১০/১০/২৩ তারিখের পত্র ও ১২/১১/২০২৩ তারিখের লিখিত বক্তব্য।  
৫। সামুদ্রিক মৎস্য দপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৮.০৫৭.১৪.২০১১ তারিখ: ২৯/১১/২০২৩ খ্রি।  
৬। সামুদ্রিক মৎস্য দপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৮.০৫৭.১৪.০৯ তারিখ: ০২/০১/২০২৪ খ্রি।  
৭। মো: বেলাল উদ্দিন পিতা: মো: আব্দুল হাসিম সওদাগর মালিক-কর্ণফুলী সী ফুডস ট্রেডার্স ১২/২ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রাম কর্তৃক ০৮/০১/২৪ তারিখের লিখিত বক্তব্য।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, নৌবাণিজ্য দপ্তর আগ্রাবাদ, চট্টগ্রামের এর ০৭/০৯/২০২৩ তারিখের পত্রে অত্র দপ্তরকে জানান যে সর্বশেষ ২৩/০৮/২০২০ তারিখে ট্রলারটি সার্ভে করে ২৪-০৮-২০২০ খ্রি. হতে ১৭-০৫-২০২১ খ্রি. পর্যন্ত ১(এক) বছর মেয়াদের জন্য সার্টিফিকেট অব ইন্সপেকশন (CoI) জারী করে। ১৭-০৫-২০২১ খ্রি. পর উক্ত নৌযানটির অনুকূলে কোন সার্টিফিকেট অব ইন্সপেকশন (CoI) জারী বা সনদের মেয়াদ বর্ধিত করা হয়নি।


মেসার্স কোহিনুর ট্রেডার্স এর মালিক জনাব মো: জানে আলম ১০/১০/২৩ তারিখের পত্রে অত্র দপ্তরকে অবহিত করেছেন যে, তাঁর মালিকানাধীন এফ.ভি. কোহিনুর-০২ (এফ-৭৭২৭, ফিশিং লাইসেন্স নং FT-052) ট্রলারটি জনাব মো: বেলাল উদ্দিন পিতা: মো: আব্দুল হাসিম সওদাগর, মালিক-কর্ণফুলী সী ফুডস ট্রেডার্স, ১২/২ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রামের নিকট ২০/১১/২০১৭ তারিখে বিক্রয় করে এবং মালিকানা পরিবর্তন না হওয়া পর্যন্ত ট্রলারটির কার্যক্রম পরিচালনার জন্য আপনাকে ক্ষমতা অর্পণ করে। তিনি তাঁর পত্রে আরও অবহিত করেছেন বর্ণিত ট্রলারটি বিগত ০১/০২/২০২১ তারিখে প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম দপ্তরে স্বশরীরে হাজির হয়ে আপনার নিকট মালিকানা হস্তান্তর করেছেন।

আপনি/ আপনারা বিভিন্ন সময় নৌবাণিজ্য দপ্তরের কর্মকর্তাদের স্বাক্ষর জাল/নকল করে সার্টিফিকেট অব ইন্সপেকশন (CoI) সৃজন করেছেন মর্মে সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করেছেন। জাল সার্টিফিকেট অব ইন্সপেকশন (CoI) সৃজনের মাধ্যমে আপনি সামুদ্রিক মৎস্য দপ্তরের ফিশিং লাইসেন্স গ্রহনপূর্বক সমুদ্র যাত্রার অনুমতি গ্রহণ করে বঙ্গোপসাগর হতে অবৈধভাবে মৎস্য আহরণ করেছেন যা সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর ধারা ১৩(১) এর (খ) ও ধারা ৪০ এর পরিপন্থী।

জনাব বেলাল উদ্দিন পিতা: মো: আব্দুল হাসিম সওদাগর মালিক-কর্ণফুলী সী ফুডস ট্রেডার্স ১২/২ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রাম বিগত ০৮/০১/২৪ তারিখে সামুদ্রিক মৎস্য দপ্তরে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করে লিখিত বক্তব্য প্রদান করেছেন।



এমতাবস্থায়, বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, আপনার/আপনাদের প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর ধারা ১৩(১) এর (খ) লংঘনের দায়ে ধারা ১৩(১) ও ১৩(৩) (খ) অনুযায়ী মৎস্য ট্রলার এফ.ভি. কোহিনুর-০২ (এফ-৭৭২৭, ফিশিং লাইসেন্স নং FT-052) এর ফিশিং লাইসেন্স বাতিল করা হলো।

  
২৫/০১/২০২৪

মোঃ জিল্লুর রহমান

পরিচালক (সামুদ্রিক)

ফোন নং-০২৩৩৩৩২১৭৩১

E-mail: [directormarine@fisheries.gov.bd](mailto:directormarine@fisheries.gov.bd)

কার্যার্থে :

- ১। জনাব মো: জানে আলম, প্রোপ্রাইটর, কোহিনুর ট্রেডার্স, ২৯ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রাম।
- ২। মো: বেলাল উদ্দিন, পিতা: মো: আব্দুল হাসিম সওদাগর, মালিক-কর্ণফুলী সী ফুডস ট্রেডার্স, ১২/২ ইকবাল রোড, ফিশারী ঘাট, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সাচবালয়, ঢাকা (মনোযোগ: উপসচিব, মৎস্য -৪ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সাচবালয়, ঢাকা)
- ২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মনোযোগ: উপপ্রধান, সামুদ্রিক শাখা, মৎস্য ভবন, রমনা, ঢাকা)।
- ৩। প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৪। সংশ্লিষ্ট নথি।